গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর ।
www.badargonj.rangpur.gov.bd

# উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নাজির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ, রংপুর ।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম , বদরগঞ্জ, রংপুর ।
সভার তারিখ : ৩১জুলাই ২০২৪ খ্রিঃ, সময় : দুপুর ০১.০০ ঘটিকা ।

সভাপতি সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত উপদেষ্টা জনাব মোঃ ফজলে রাব্বি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জসহ সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয় । সভাপতি উপজেলার সন্ত্রাস ও নাশকতা পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য উপস্থিত সদস্যগণকে আহ্বান জানান ।

অফিসার ইনচার্জ, বদরগঞ্জ থানা সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে সরকারি চাকুরিতে কোটা বিরোধী আন্দোলনের ফলে দেশের বিভিন্ন স্থানে অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হয় । উদ্ভুত পরিস্থিতির সুযোগ নিয়ে কিছু ব্যক্তি ও সংগঠন নাশকতামূলক কর্মকান্ড পরিচালনা করে । বদরগঞ্জ উপজেলার কোন স্থানে এ জাতীয় কার্যক্রম সংঘটিত হয়নি । তবে ভবিষৎ প্রস্তুতি ও নিরাপত্তা পরিকল্পনার স্বার্থে ছাত্র, শিক্ষক, সুশীল সমাজ এবং রাজনৈতিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলের সহায়তা প্রয়োজন । পুলিশ এ বিষয়ে তৎপর রয়েছে । এ ধরণের কোন তথ্য জানা থাকলে তা পুলিশকে অবহিত করে সহযোগিতা করার অনুরোধ করেন ।

ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমান দেশের পরিস্থিতি, জঙ্গি, সন্ত্রাস, নাশকতা প্রতিরোধসহ বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, জুঁয়া ও মাদক ইত্যাদি বিষয়ে খুতবার পূর্বে মুসল্লিদের অবহিত করার জন্য ইমামগণকে নির্দেশনা দেয়া হয়েছে এবং ইসলামিক ফাউন্ডেশনের আওতাধীন ইমামগণ সে নির্দেশনা মোতাবেক বক্তব্য রাখেছেন । এই নির্দেশনা অন্যান্য ইমামগণও যাতে মেনে চলে,সে ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে । শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুর পর ছাত্রদের সাথে মিশে দেশ বিরোধী কোন শক্তি যাতে সন্ত্রাস ও নাশকতা করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে ।

জনাব মোঃ ফজলে রাব্বি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা সভায় জানান যে, যেকোন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে সকল জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতৃবৃন্দকে আহ্বান জানান । তিনি পুলিশ বাহিনীসহ সকলকে সজাগ থাকার অনুরোধ করেন ।

সভাপতি সভায় জানান যে, বর্তমান পরিস্থিতিতে যে কোনো সময়ে সন্ত্রাস ও নাশকতার ঘটনা ঘটার আশংকা রয়েছে । তিনি এ বিষয়ে কাউকে সন্দেহ হলে, বা কোনো তথ্য জানা থাকলে তাৎক্ষণিকভাবে পুলিশকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন । ক্রাইম পয়েন্টেগুলোতে গ্রাম পুলিশ ও আনসার সদস্য দিয়ে পাহারা অব্যাহত রাখার জন্য মেয়র ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন । সভাপতি ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ যে কমিটি রয়েছে সেই কমিটির নিয়মিত সভা করে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন । এ ছাড়া উপজেলা পর্যায়ে বিদ্যমান সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিতে নতুন সদস্য কো-আপ্ট করে হালনাগাদ করা প্রয়োজন মর্মে সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করলে সবাই একমত পোষণ করেন ।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | শিক্ষা প্রতিষ্ঠানগুলো চালু হলে বর্তমান পরিস্থিতি, জঙ্গিবাদ,সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন এবং সমস্যা প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক সভা / সেমিনানের আয়োজন করতে হবে । | ১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) মেয়র, বদরগঞ্জ পৌরসভা<br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৫) উপঃআনসার ও ভিডিপি অফিসার<br>৬) সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান<br>৭) চেয়ারম্যান (সকল) ইউপি |

| | | |
|---|---|---|
| ২ | নাশকতামূলক অগ্নিকান্ডসহ যে কোন দূর্ঘটনা ও অগ্নিকান্ড প্রতিরোধে জরুরি ব্যবস্থা গ্রহণের জন্য ফায়ার সার্ভিস সার্বক্ষণিক প্রস্তুত থাকবে । | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বদরগঞ্জ,রংপুর । |
| ৩ | ইমামগণ বর্তমান পরিস্থিতি, জঙ্গি, সন্ত্রাস, নাশকতা প্রতিরোধসহ বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, জুঁয়া ও মাদক ইত্যাদি সম্পর্কে জুম্মার নামাজের পূর্বে খুতবায় সচেতনতামূলক বক্তব্য প্রচার করবেন । বিষয়টি ইসলামিক ফাউন্ডেশন এবং ইউপি চেয়ারম্যানগণ মনিটর করবেন । | ১) মেয়র, বদরগঞ্জ পৌরসভা<br>২) চেয়ারম্যান ( সকল) ইউপি<br>৩) ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন বদরগঞ্জ<br>৩) ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি |
| ৪ | উপজেলা পর্যায়ে ইমাম, মাওলানা ,শিক্ষক এবং সংশ্লিষ্টদের সাথে জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, জুয়া , মাদক এবং সামাজিক সমস্যা সম্পর্কে আলোচনা সভা অয়োজন করতে হবে । | ফিল্ড সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন বদরগঞ্জ,রংপুর |
| ৫ | পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে দেশের বর্তমান পরিস্থিতি,জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন জুয়া , মাদক এর বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি করতে হবে । | ১) মেয়র, বদরগঞ্জ পৌরসভা<br>২) চেয়ারম্যান (সকল) ইউপি |
| ৬ | ফিলিং স্টেশনগুলো খোলা ফুয়েল বিক্রি করছে কিনা তা মনিটর করতে হবে এবং যে কোন ধরণের নাশকতার বিষয়ে ফিলিং স্টেশনগুলোকে সতর্ক করতে হবে । | ১) অফিসার ইন চার্জ,বদরগঞ্জ থানা<br>২) চেয়ারম্যান (সকল) ইউপি |
| ৭ | চেংমারী বিদ্যুৎ উপ-কেন্দ্র এবং রামনাথপুর বিদ্যুৎ উপ-কেন্দ্রের নিরাপত্তা জোরদার করতে হবে । | ১) অফিসার ইনচার্জ,বদরগঞ্জ থানা<br>২) ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি<br>৩) চেয়ারম্যান,রামনাথপুর ও মধুপুর ইউপি |
| ৮ | সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে পৌরসভা, গোপালপুর, মধুপুরও রামনাথপুর ইউনিয়নে রেল লাইন গ্রামপুলিশ ও আনসার সদস্য দ্বারা পাহারার ব্যবস্থা করতে হবে । | ১) মেয়র, বদরগঞ্জ পৌরসভা<br>২) উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বদরগঞ্জ,রংপুর<br>৩) চেয়ারম্যান (সকল) ইউপি |
| ৯ | এনজিওতে কর্মরত বিদেশী অত্র উপজেলায় আসতে চাইলে তা পুলিশ বিভাগকে অবগত করতে হবে এবং যারা কর্মরত আছেন তাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে । | ১) সংশ্লিষ্ট এনজিও<br>২) অফিসার ইন চার্জ,বদরগঞ্জ থানা |
| ১০ | ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির নিয়মিত সভা করে কার্যবিবরণী সংশ্লিষ্টদের প্রদান করতে হবে । | চেয়ারম্যান(সকল) ইউপি |
| ১১ | উপজেলা পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিতে নুতন সদস্য কো-অপ্ট করে হাল নাগাদ কারার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার |

বর্তমান পরিস্থিতি, জঙ্গিবাদ,সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ আইন -শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার তৎপরতা অব্যাহত রাখতে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

Hossain
০১/০৯/২০২৪

(মোঃ নাজির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
বদরগঞ্জ, রংপুর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর ।
www.badargonj.rangpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.৮৫০৩.০০০.০২.০৫৩.২.৬২৩. তারিখ : ৩১/০৭/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০ রংপুর -২(বদরগঞ্জ-তারাগঞ্জ) ।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,রংপুর ।
৩. পুলিশ সুপার , রংপুর ।
৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ , বদরগঞ্জ, রংপুর ।
৫. সহকারী কমিশনার(ভূমি), বদরগঞ্জ, রংপুর ।
৬. মেয়র, বদরগঞ্জ পৌরসভা,বদরগঞ্জ, রংপুর ।
৭. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা ),উপজেলা পরিষদ,বদরগঞ্জ,রংপুর ।
৮. অফিসার ইনচার্জ ,বদরগঞ্জ,রংপুর ।
৯. উপজেলা....................................অফিসার , বদরগঞ্জ, রংপুর ।
১০. অধ্যক্ষ........................................কলেজ , বদরগঞ্জ, রংপুর ।
১১. চেয়ারম্যান........................................ইউপি,বদরগঞ্জ,রংপুর ।
১২. সাঃ কমান্ডার/ সাঃ ডেপুটি কমান্ডার,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড ইউনিট,বদরগঞ্জ, রংপুর ।
১৩. জনাব ..............................................................
১৪. প্রধান শিক্ষক,.............................উচ্চ বিদ্যালয়,বদরগঞ্জ,রংপুর ।
১৫. সভাপতি.,........................................................................ ,বদরগঞ্জ,রংপুর ।

৩১/০৭/২০২৪

(মোঃ নাজির হোসন)
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ,রংপুর ।